

কান্না

একটি শিশু সারাক্ষণ কাঁদে  
অনেক দাবির ভাষা  
এখনও মুখে ফোটেনি  
তার একটু পূরণ হলেই  
ধীরে ধীরে কান্না বন্ধ হয়ে যায়  
বাইরে থেকে আর শোনা যায় না তখন  
চলে ভিতরে  
না পাওয়া  
নয়তো পেয়ে হারানোর কান্না।

চন্দ্রা মজুমদার